গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়
পরিবেশ দূষণ নিয়ন্ত্রণ -১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moef.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৭৫.০৬.০০১.১৮.১৮৮

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩০ / ২০ আগস্ট ২০২৩

**প্রজ্ঞাপন**

বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫-এর অধীনে প্রণীত 'বিপজ্জনক বর্জ্য ও জাহাজ ভাঙ্গার বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১-এর ১৯ (৪) বিধি মতে আমদানীকৃত স্ক্র্যাপ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ সংক্রান্ত কার্যাদি সম্পাদনের জন্য ইতিপূর্বে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের ০৬.০৩.২০১৪ খ্রিঃ তারিখের পবম/পদূনি-১/বর্জ্য ব্যবস্থাপনা/০১/২০১৩-২৯ নং প্রজ্ঞাপন মূলে গঠিত কমিটি নিম্নলিখিতভাবে পুনর্গঠন করা হলো:

| | | |
|---|---|---|
| (ক) | পরিচালক, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল কার্যালয়, চট্টগ্রাম | আহবায়ক |
| (খ) | বাংলাদেশ নৌবাহিনীর একজন উপযুক্ত প্রতিনিধি (চট্টগ্রামে কর্মরত) | সদস্য |
| (গ) | মেরিন একাডেমী, চট্টগ্রাম-এর একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঘ) | চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ফলিত ও পরিবেশ রসায়ন বিভাগের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (ঙ) | চট্টগ্রাম কাস্টম হাউজের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (চ) | চিটাগাং ড্রাই ডক এর একজন উপযুক্ত প্রতিনিধি (শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি) | সদস্য |
| (ছ) | বিস্ফোরক পরিদপ্তর, চট্টগ্রাম কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| (জ) | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের একজন উপযুক্ত প্রতিনিধি (চট্টগ্রামে কর্মরত) | সদস্য |
| (ঝ) | উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, চট্টগ্রাম জেলা কার্যালয়, চট্টগ্রাম | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধি **(Terms of References):**

- শিল্প মন্ত্রণালয় বা Ship Building and Ship Recyclindg Board (SBSRD) হতে এন. ও. সি (No Objection Certificate) প্রাপ্ত স্ক্র্যাপের জন্য আনীত জাহাজ চট্টগ্রাম বহিঃনোঙ্গরে আগমনের পর জাহাজ সরেজমিন পরিদর্শন করতঃ জাহাজে বিদ্যমান বিপজ্জনক বর্জ্যের সনাক্তকরণ, চিহ্নিতকরণ, নমুনা সংগ্রহ ও তালিকা প্রণয়ন করবে;
- কমিটি প্রণীত প্রতিবেদন নিম্নোক্ত বিষয়সমূহ বিবেচনার ক্ষেত্রে প্রযোজ্য হবে;
  (ক) শিল্প মন্ত্রণালয় কর্তৃক জাহাজের সৈকতায়নের জন্য;
  (খ) পরিবেশ অধিদপ্তর কর্তৃক পরিবেশগত ছাড়পত্র প্রদানের লক্ষ্যে;
  (গ) বিস্ফোরক পরিদপ্তর কর্তৃক বিপজ্জনক বস্তুসমূহ নিয়ন্ত্রণের লক্ষ্যে;
  (ঘ) স্ক্র্যাপ জাহাজ আমদানীকারক ইয়ার্ড মালিকের জন্য।
- কমিটি প্রয়োজনবোধে কোন বিশেষজ্ঞ সদস্য কো-অপ্ট করতে পারবে।

০২। Bangladesh Ship Breakers and Recyclers Association (BSBRA) জাহাজের arrival date সংশ্লিষ্টদের অগ্রিম অবহিত করবেন।

০৩। জাহাজ বহিঃনোঙ্গরে আগমনের পর প্রাপ্ত আবেদনের পরিপ্রেক্ষিতে যথাসম্ভব স্বল্পতম সময়ে কমিটি জাহাজ পরিদর্শন করবে এবং প্রতিবেদন দাখিল করবে।

০৪। দ্বৈততা এড়ানোর লক্ষ্যে কমিটির সদস্যগণ যথাসম্ভব একযোগে জাহাজ পরিদর্শন করবেন।

০৫। জাহাজ পরিদর্শনের লক্ষ্যে জাহাজে যাতায়াতসহ আনুষঙ্গিক বিষয়ে সংশ্লিষ্ট জাহাজ মালিক কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন।

০৬। পরিবেশ অধিদপ্তর, বিস্ফোরক পরিদপ্তর, শিল্প মন্ত্রণালয়/চিটাগাং ড্রাই ডক এবং কাস্টমস-এর প্রতিনিধিগণ আবশ্যিকভাবে পরিদর্শন কাজের সময় একসাথে উপস্থিত থাকবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২০.০৮.২০২৩

(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব
ফোন: ৫৫১০০২৬০
ফ্যাক্স: ৯৫৪০২১০
ইমেইল: envpc1@moef.gov.bd

স্মারক নম্বর: ২২.০০.০০০০.০৭৫.০৬.০০১.১৮.১৮৮ তারিখ: ০৫ ভাদ্র ১৪৩০ / ২০ আগস্ট ২০২৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।
৩. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল বা/এ, ঢাকা।
৪. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
৬. প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
৭. কমিশনার (কাস্টমস), কাস্টমস হাউজ, চট্টগ্রাম।
৮. পরিচালক, নৌ-অপারেশন, নৌ-সচিবালয়, নৌ বাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা।
৯. কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম।
১০. রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম।
১১. ব্যবস্থাপনা পরিচালক, চিটাগাং ড্রাই ডক লিঃ চট্টগ্রাম।
১২. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশ করে ৫০ কপি এ মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ)।

অনুলিপি: <u>সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে।</u>

১। মন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
২। উপমন্ত্রীর একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৩। উপসচিব, পরিবেশ-৩ শাখা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৪। সচিবের একান্ত সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।

২০.০৮.২০২৩

(সিদ্ধার্থ শংকর কুন্ডু)
উপসচিব